

বিসমিল্লাহির রহমানির রাহিম

# বীরমোহন উচ্চ বিদ্যালয়

ডাসার, কালকিনি, মাদারীপুর।

[www.bmhs.edu.bd](http://www.bmhs.edu.bd)

## প্রাক্তন শিক্ষার্থী, শিক্ষকবৃন্দ এবং বিদ্যালয়ের পরিচালনা পর্ষদ এর সদস্যদের সমন্বয়ে যৌথ মতবিনিময় সভার কার্যবিবরণীঃ

সভার স্থান : ঢাকাস্থ পরিবহন পুল ভবনের সম্মেলন কক্ষ।

তারিখ : ০৯ অক্টোবর, ২০১৯ ইং, সময়ঃ বিকাল ৫.১০ ঘটিকা।

সভাপতি : জনাব শেখ মুজিবুর রহমান এনডিসি, প্রাক্তন শিক্ষার্থী ও সচিব  
মন্ত্রিপরিষদ বিভাগ,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

### আলোচ্য সূচীঃ-

ক) বিগত- ২৮-০৯-২০১৯ইং তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে ঐতিহ্যবাহী বীরমোহন উচ্চ বিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উপলক্ষে একটি “মানসম্মত স্মারকগ্রন্থ” প্রকাশনার জন্য একটি কমিটি গঠন।

খ) এতদ্বিষয়ে নীতগত সিদ্ধান্ত প্রদান।

গ) বিবিধ।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে আলোচ্যসূচীর উপর বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অতঃপর তিনি উপস্থিত সদস্যবৃন্দের নিকট হতে মতামত সম্বলিত বক্তব্য প্রদানের জন্য আহ্বান জানান। সভায় উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে থেকে মতামত সম্বলিত বক্তব্য প্রদান করেন বীরমুক্তিযোদ্ধা জনাব কাজী আবদুস সবুর, সাবেক সভাপতি পরিচালনা পর্ষদ বীরমোহন উচ্চ বিদ্যালয়, বিশিষ্ট লেখক ও কলামিস্ট কাজী সেলিম, প্রাক্তন কৃতি শিক্ষার্থী, রেসপ্রেটরী মেডিসিনের বিভাগীয় প্রধান, বক্ষব্যাধি হাসপাতালের অধ্যাপক ডাঃ কৃষ্ণ চন্দ্র গাঙ্গুলী (কে.সি. গাঙ্গুলী), বীরমুক্তিযোদ্ধা আবুল কাশেম হাওলাদার, মোঃ আজাহার উদ্দিন মিয়া, সাবেক বরিশাল বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) বীরমুক্তিযোদ্ধা ডাঃ আব্দুল ওহাব হাওলাদার, জনাব মতিউর রহমান হাওলাদার, মীর মামুন অর-রশিদ, মীর আব্দুল লতিফ, কাজী সামসুল হক, জনাব মজিবুর রহমান ঢালী, বাবু নিতাই

চক্রবর্তী, জনাব মোস্তাফিজুর রহমান বাদল, জনাব মিজানুর রহমান, জনাব আতাউর রহমান, জনাব শাহীন আলম, জনাব লিটন ফকির, জনাব বায়েজীদ হাওলাদার, সাবেক প্রধান শিক্ষক জনাব মোঃ হেমায়েত উদ্দিন আহম্মেদ, প্রধান শিক্ষক জনাব মোঃ সালাউদ্দিন আকন, বর্তমান বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি এ্যাড: মনির উজ্জামান চৌধুরী সোহাগ প্রমুখ।

**সভায় উপস্থিত সম্মানীত সদস্যবৃন্দের ব্যাপক আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়:-**

**সিদ্ধান্ত সমূহ:-**

১। সভায় জনাব শেখ মুজিবুর রহমান এনডিসি, প্রাক্তন শিক্ষার্থী ও সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগকে আহবায়ক, বীরমুক্তিযোদ্ধা কাজী আবদুস সবুরকে যুগ্ম আহবায়ক, এ্যাড: মনির উজ্জামান চৌধুরী সোহাগকে যুগ্ম আহবায়ক করে এবং প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে হতে মর্যাদা সম্পন্ন উপযুক্ত সদস্যদের নিয়ে একটি স্মারক গ্রন্থ কমিটি গঠনের প্রস্তাব করলে সবাই হর্ষৎফুল্লহ করতালীর মাধ্যমে সম্মতি জ্ঞাপন করে পূর্ণাঙ্গ কমিটি গঠনের জন্য দায়িত্ব অর্পণ করেন।

২। প্রাক্তন শিক্ষার্থীবৃন্দ নির্ধারিত “ছকে” এ কম্পোজ করে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বিদ্যালয়ের ওয়েব সাইট [www.bmhs.edu.bd](http://www.bmhs.edu.bd) হতে ডাউনলোড করা যাবে, অথবা আহবায়কের ই-মেইলে (skmujib61@gmail.com) নিকোশ ফন্ট-এ টাইপ করে পাঠানোর জন্য সকলকে অনুরোধ জানানো হল। উল্লেখ্য আগ্রহী সদস্যবৃন্দের প্রেরিত লেখা ও তথ্যাদি আগামী ১৫ নভেম্বর, ২০১৯ ইং তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। সকল প্রাক্তন শিক্ষার্থী কে রেজিস্ট্রেশন করতে হবে এক্ষেত্রে অদ্যকার সভায় আপাততঃ রেজিস্ট্রেশন ফি গ্রহণ করা হবেনা বলে ঐক্যমত পোষণ করেন।

৩। স্মারক গ্রন্থ প্রকাশনার জন্য কয়েকটি সাব-কমিটি গঠনের প্রস্তাব গৃহীত হয়।

৪। বিজ্ঞাপন সংগ্রহের ক্ষেত্রে যে সকল সম্মানীত সদস্য এবং শুভানুধ্যায়ীদের বিজ্ঞাপন প্রদান বা সংগ্রহের সুযোগ রয়েছে তাদেরকে বিজ্ঞাপন সংগ্রহের জন্য অনুরোধ জানানো হল। স্মারক গ্রন্থ প্রকাশনার জন্য উপস্থিত সবাই নিজ নিজ অবস্থান থেকে আর্থিক অনুদান প্রদান করবেন বলে সভায় প্রতিশ্রুতি প্রদান করেন।

৫। যথা সময়ের মধ্যে একটি পূর্ণাঙ্গ স্মারক গ্রন্থ কমিটি গঠন করে তা প্রকাশের জন্য অদ্যকার সভায় আহবায়ক মহোদয়কে অনুরোধ জানানো হলো।

৬। একজন দক্ষ অভিজ্ঞ কম্পিউটার অপারেটর নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সু-স্বাস্থ্য ও কল্যাণময়  
জীবন কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে-  
সভার সভাপতি

(শেখ মুজিবুর রহমান এনডিসি)  
প্রাক্তন শিক্ষার্থী ও সচিব (সমন্বয় ও  
সংস্কার  
মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী  
বাংলাদেশ সরকার।

অনুলিপি- অবগতির জন্য পেরণ করা  
হলোঃ-

১।

জনাব

.....

.....